গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫২.১৬- ৬২৪

তারিখঃ ৯ শ্রাবণ ১৪২৬ / ২৪ জুলাই ২০১৯

বিষয়ঃ কর্মসংস্থান ব্যাংকের নতুন ঋণ নীতিমালা মাফিক সুবিধা গ্রহণ সংক্রান্ত:

সূত্রঃ কর্মসংস্থান ব্যাংকের পরিপত্র নং- ০১/২০১৯, তারিখ- ২৫/০৪/১৯খ্রি

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে কর্মসংস্থান ব্যাংক হতে ২৫/০৪/২০১৯ তারিখে নিজস্ব ঋণ কর্মসূচির আওতায় জামানতবিহীন ঋণ নীতিমালা জারি করা হয়েছে। নীতিমালা মাফিক ব্যাংকের বিদ্যমান জামানতবিহীন ঋণ সিলিং ২.০ লক্ষ টাকা হইতে ৫.০ লক্ষ টাকায় উন্নীত করা হয়েছে। যেহেতু যুব উন্নয়ন অধিদপ্তরের বিদ্যমান ঋণ কর্মসূচি হতে প্রশিক্ষিত যুবদের মধ্য হতে সীমিত সংখ্যক যুবকে সামান্য পরিমানে ঋণ সরবরাহ করা সম্ভব হয় সেহেতু প্রতিশ্রুতিশীল ও সম্ভবনাময়ী যুবগণ বিশেষ করে যারা অধিদপ্তর হতে ২য় বা ৩য় বার ঋণ প্রত্যাশা করে থাকে তাদেরকে প্রয়োজনীয় পুঁজি সরবরাহের লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংকের স্থানীয় কার্যালয়ের সাথে অর্থবহ যোগাযোগ স্থাপনের মাধ্যমে পুঁজি যোগানোর উদ্যোগ গ্রহণ, পরবর্তীতে প্রকল্প তদারকিসহ পুঁজি ফেরত প্রদানের লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে অন্যান্য দপ্তর/সংস্থা হতে যুবদের জন্য ঋণ সুবিধা গ্রহণের অগ্রগতির তথ্য নির্ধারিত ছকে পূর্বের ধারাবাহিকতায় ত্রৈমাসিকভিত্তিতে প্রেরণ করতে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কর্মসংস্থান ব্যাংকের নিজস্ব ঋণ
কর্মসূচির আওতায় জামানতবিহীন
ঋণ নীতিমালা – ৩ পৃষ্ঠা।

২৪।৭।১৯
(ফরিদা ইয়াসমিন)
উপ-পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)
ফোনঃ ৯৫৫৩৩২৩

প্রাপক
১। উপপরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর................................. (সকল) ৬৪ জেলা।
২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর ...................... (সকল) ৫৯৬ উপজেলা।

অনুলিপি বিতরণঃ
১। উপ-পরিচালক ............................ (সকল), দাঃবিঃওঋণ শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। সহকারি পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী , যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা ।
৪। দপ্তর নথি।

২৪।৭।১৯
(ফরিদা ইয়াসমিন)
উপ-পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
(যুব-০২ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তর

স্মারক নং-৩৪.০০.০০০০.০১০.০৪.০০১.১১-৮৫ তারিখ: ১৪ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: নিজস্ব ঋণ কর্মসূচির আওতায় জামানতবিহীন ঋণ নীতিমালা।

সূত্র: কর্মসংস্থান ব্যাংকের পরিপত্র নং- ০১/২০১৯, তারিখ: ২৫/০৪/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কর্মসংস্থান ব্যাংক কর্তৃক তাদের নিজস্ব ঋণ কর্মসূচির আওতায় জামানতবিহীন ঋণের জন্য একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রনয়ন করেছে। এসংগে নীতিমালাটির ছায়ালিপি সংযুক্ত করা হলো।

০২। এমতাবস্থায়, কর্মসংস্থান ব্যাংকের নিজস্ব ঋণ কর্মসূচির আওতায় জামানতবিহীন ঋণের পূর্ণাঙ্গ নীতিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

(মো: জাহাঙ্গীর হাওলাদার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৮৫৩১।

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা।

অনুলিপি:

০১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

কর্মসংস্থান ব্যাংক
(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)
ঋণ ও অগ্রিম বিভাগ
E-mail : lad@kb.gov.bd

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু।

সুব্যবহার আর শিষ্টাচার
কর্মসংস্থান ব্যাংকের অঙ্গীকার।

পরিপত্র নম্বর-০১/২০১৯

তারিখ : ২৫ এপ্রিল ২০১৯

## বিষয় : নিজস্ব ঋণ কর্মসূচীর আওতায় জামানতবিহীন ঋণ নীতিমালা।

ঋণ ও অগ্রিম বিভাগের পত্র সূত্র নম্বর-কেবি/প্রকা/ঋঅবি/ঋণ নীতি-০১(০১)/২০১১-২০১২/৭৪৮(২০৮) তারিখ ০৭.০৩.২০১২ খ্রি: এর মাধ্যমে বিভিন্ন পরিপত্র/সার্কুলার লেটার একীভূত করে একটি সমন্বিত ঋণ নীতিমালা জারী করা হয়। উক্ত নীতিমালা জারীর পর উদ্যোক্তার বয়সসীমা, ঋণসীমা, সুদের হার, মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীমসহ বিভিন্ন বিষয়ে পরিবর্তন, সংশোধন, পরিমার্জন ও সংযোজনপূর্বক বিভিন্ন পরিপত্র/সার্কুলার লেটার জারী করা হয়েছে। অত:পর পরিচালনা বোর্ডের ০৯.০৪.২০১৯ তারিখের ২৭৩তম সভায় নিজস্ব ঋণ কর্মসূচীর আওতায় জামানতবিহীন ঋণ ২.০০ (দুই) লক্ষ টাকা থেকে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকায় উন্নীতকরণের প্রস্তাব অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে কর্মসংস্থান ব্যাংকের মাধ্যমে বেকার যুবদের ঋণ সুবিধা আরো বিস্তৃত করার পরিকল্পনা থাকায় বিদ্যমান ঋণ নীতিমালার অন্যান্য শর্ত অপরিবর্তিত রেখে তা অনুমোদিত হয়েছে। সে প্রেক্ষিতে নিজস্ব ঋণ কর্মসূচীর আওতায় জামানতবিহীন ঋণের পূর্ণাঙ্গ নীতিমালা জারী করা হলো :

### ০১. ব্যাংক ঋণ পাওয়ার যোগ্যতা :

ক) বাংলাদেশের নাগরিক হতে হবে;

খ) শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ী বাসিন্দা না হলে শাখার অধিক্ষেত্রের একজন স্থায়ী বাসিন্দাকে ঋণের গ্যারান্টর হতে হবে;

গ) আবেদনকারীকে বেকার/অর্ধবেকার হতে হবে ;

ঘ) বয়স - সাধারণত: ১৮ থেকে ৫০ বছর হতে হবে। কর্মসংস্থান ব্যাংকের পুরাতন কর্মক্ষম ঋণগ্রহীতাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।পুরাতন ঋণগ্রহীতা বলতে ক্রমাগত ঋণগ্রহণকারীকে বুঝাবে এবং কোনো ঋণগ্রহীতা ঋণ পরিশোধের তারিখ থেকে পরবর্তী ০১ (এক) বছরের মধ্যে পুন:ঋণের জন্য আবেদন করলে তিনি পুরাতন ঋণগ্রহীতা হিসেবে গণ্য হবেন অর্থাৎ ০১ (এক) বছরের অধিককাল ব্যাংকের ঋণ কার্যক্রমে সম্পৃক্ত না থাকলে তিনি নতুন ঋণগ্রহীতা হিসেবে গণ্য হবেন ;

ঙ) প্রকল্প/প্রতিষ্ঠান পরিচালনার যোগ্যতা থাকতে হবে;

চ) প্রকল্প/প্রতিষ্ঠান পরিচালনার বিষয়ে প্রশিক্ষণ/অভিজ্ঞতা থাকতে হবে;

ছ) অন্য কোনো ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/এনজিও অথবা বেসরকারী প্রতিষ্ঠানের ঋণখেলাপী যোগ্য বিবেচিত হবেন না।

### ০২. উদ্যোক্তা নির্বাচনের ক্ষেত্রে :

ক) যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব-মহিলা;

খ) বিভিন্ন সরকারী/সরকার অনুমোদিত বেসরকারী প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ গ্রহণকারী ;

গ) কর্মসংস্থান ব্যাংকের বর্তমান উদ্যোক্তাদের পরিচিত উদ্যোক্তা ;

ঘ) স্ব-উদ্যোগে আগত উদ্যোক্তা ;

ঙ) ব্যাংকের মাঠকর্মীগণ কর্তৃক স্ব-স্ব এলাকা ভ্রমণকালে উদ্যোক্তা নির্বাচন।

### ০৩. ঋণের আবেদন ফরম, ফিস ও ঋণ আবেদনপত্র দাখিল :

ক) ব্যাংক কর্তৃক নির্ধারিত ফরমে ঋণের আবেদন করতে হবে। আবেদন ফরমের ফি সম্পর্কিত তথ্য নিম্নরূপ :

| ক্র.নং | বিবরণ | আবেদন ফরমের নির্ধারিত মূল্য (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ২.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ আবেদনের ক্ষেত্রে | ৩০০/- | ঋণ আবেদন ফরমের মূল্য সকল কর্মসূচীর জন্য প্রযোজ্য। |
| (২) | ২.০০ লক্ষ টাকার উর্ধ্বে ৪.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ আবেদনের ক্ষেত্রে | ৪০০/- | |
| (৩) | ৪.০০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণ আবেদনের ক্ষেত্রে | ৫০০/- | |

খ) প্রকল্প এলাকায় অবস্থিত ঋণ প্রদানকারী শাখায় ঋণের আবেদন দাখিল করতে হবে।

চলমান পাতা-০২

০৪. **ঋণের গ্যারান্টর :**

ক) ঋণ পরিশোধে সক্ষম আবেদনকারীর পিতা/মাতা/স্বামী/স্ত্রী গ্যারান্টর হতে পারবেন। এছাড়াও ঋণ পরিশোধে সক্ষম এমন ব্যক্তি যিনি প্রকল্প এলাকায় স্থায়ীভাবে বসবাস করেন এবং প্রকল্প এলাকায় যার বাড়ি-ঘর/ জমি-জমা আছে তিনি গ্যারান্টর হতে পারবেন ;

খ) একজন গ্যারান্টর সর্বোচ্চ ২ (দুই) জন ঋণগ্রহীতার/একটি গ্রুপের জন্য গ্যারান্টর হতে পারবেন ;

গ) সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারী এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত কর্মচারী নিজস্ব প্রতিষ্ঠানের নিয়ম অনুসরণ সাপেক্ষে গ্যারান্টর হতে পারবেন ;

ঘ) কোনো নির্দিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা ঐ জেলার আওতাধীন যেকোনো শাখার উদ্যোক্তার ঋণের বিপরীতে গ্যারান্টি প্রদান করতে পারবেন। ঢাকা ও নারায়ণগঞ্জ জেলার আওতাধীন যেকোনো স্থায়ী বাসিন্দা এই দুই জেলায় অবস্থিত যেকোনো শাখার উদ্যোক্তার ঋণের বিপরীতে গ্যারান্টি প্রদান করতে পারবেন। এক্ষেত্রে স্থায়ী ঠিকানা যে শাখার আওতাধীন থাকবে ঐ শাখার সঙ্গে ঋণ বিতরণকারী শাখাকে যোগাযোগ করে গ্যারান্টরের স্থায়ী ঠিকানা সম্পর্কে নিশ্চিত হতে হবে।

০৫. **গ্যারান্টরের যোগ্যতা :**

ঋণ পরিশোধে সক্ষম ব্যক্তি ঋণের গ্যারান্টর হতে পারবেন। সক্ষমতা যাচাইয়ের প্রমাণপত্র হিসেবে হাল খাজনার দাখিলাসহ জমির দলিলপত্রের (আর এস মিউটেশনের কপিসহ) সত্যায়িত ফটোকপি/TIN সার্টিফিকেট/চাকুরীজীবী গ্যারান্টরের প্রত্যয়নপত্র/ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ইত্যাদি দাখিল করতে হবে।

০৬. **আবেদনকারীর ঠিকানা :**

নিজ নামে অথবা পিতা/মাতা/স্বামী/স্ত্রীর নামে যে এলাকায় বাড়ী থাকবে তাকে সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হিসেবে গণ্য করা হবে।

০৭. **শাখার অধিক্ষেত্রের বাইরের আবেদনকারীকে ঋণ প্রদান :**

ক) ঋণ আবেদনকারীর স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌর কমিশনার প্রদত্ত সার্টিফিকেট গ্রহণ করতে হবে যা সংশ্লিষ্ট এলাকার কর্মসংস্থান ব্যাংক শাখার মাধ্যমে যাচাই করতে হবে;

খ) গ্যারান্টরকে শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে চাকুরীজীবীর ক্ষেত্রে স্থায়ী বাসিন্দার শর্ত শিথিলযোগ্য।

০৮. **জামানতবিহীন ঋণসীমা :**

০১। ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত।

০২। শর্তাবলি নিম্নরূপ :

ক) ২.০০ (দুই) লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ নিয়মিত পরিশোধকারীকে পর্যায়ক্রমে সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদান (তবে সর্বশেষ গৃহীত ঋণের দ্বিগুণের বেশি নয়) ;

খ) ঋণের নির্ধারিত মেয়াদের অর্ধেক সময় অতিক্রান্ত না হলে পরবর্তীতে ঋণ প্রদানের বিষয়টি বিবেচনাযোগ্য হবে না ; এবং

গ) সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা জামানতবিহীন ঋণ গ্রহণের পর পরবর্তীতে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উপরে হলে তিনি আর জামানতবিহীন ঋণ পাবেন না।

০৯. **ঋণের উদ্দেশ্য/খাত :**

নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামূলক যে কোনো অর্থনৈতিক কর্মকান্ড ঋণের খাত হিসেবে বিবেচিত হবে।

১০. **প্রকল্প/প্রতিষ্ঠানের স্থান :**

ক) শাখার অধিক্ষেত্রের মধ্যে প্রকল্প/প্রতিষ্ঠান স্থাপন করতে হবে;

খ) নিজস্ব জমি/ঘর ব্যতিত অন্য কোনো স্থানে প্রকল্প/প্রতিষ্ঠান স্থাপন করলে সংশ্লিষ্ট মালিকের সম্মতি/চুক্তিপত্র জমা নিতে হবে;

গ) প্রকল্পস্থান ভাড়া/লীজকৃত হলে উক্ত স্থানের মালিক তাঁর মালিকানা সম্পর্কিত প্রমাণপত্র জমা করতে না চাইলে প্রকল্প স্থানের মালিকানা সম্পর্কে সংশ্লিষ্ট মালিকানা দলিল/প্রমাণপত্র ব্যবস্থাপক দেখে নিশ্চিত হবেন এবং এ মর্মে প্রত্যয়ন করবেন।

১১. **সুদের হার ও হিসাবায়ন :** ঋণ ও অগ্রিম বিভাগের ১৩ মে ২০১৮ তারিখের ঋণ পরিপত্র নম্বর-০৩/২০১৮ অনুসরণ করতে হবে।

১২. **মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম :**

ক) ঋণ বিতরণকালে সকল ঋণগ্রহীতা বাধ্যতামূলকভাবে মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীমের সদস্য হবেন ;

খ) পরিচালনা বোর্ড কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হারে এই তহবিলে চাঁদা প্রদান করতে হয় যা অফেরতযোগ্য;

গ) মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীমের চাঁদা নিম্নোক্ত হারে নগদে গ্রহণ করতে হবে :

(১) এক বছর মেয়াদী ঋণের ক্ষেত্রে চাঁদার পরিমাণ শতকরা ০.৪০ (শূন্য দশমিক চার শূন্য) টাকা ;

(২) এক বছরের অধিক থেকে দুই বছর মেয়াদী ঋণের ক্ষেত্রে চাঁদার পরিমাণ শতকরা ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) টাকা ;

(৩) দুই বছরের অধিক মেয়াদী ঋণের ক্ষেত্রে চাঁদার পরিমাণ শতকরা ০.৬০ (শূন্য দশমিক ছয় শূন্য) টাকা।

**১৩. চার্জ ডকুমেন্টস :**

(১) ঋণগ্রহীতা ও গ্যারান্টর কর্তৃক স্বাক্ষরিত ডবল পার্টি ডিপি নোট এবং স্ট্যাম্পবিহীন ডিপি নোট ডেলিভারী লেটার;

(২) প্রকল্প/প্রতিষ্ঠানের সকল অস্থাবর সম্পত্তি/মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশনে রাখার জন্য ঋণগ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হাইপোথিকেশন ডিড;

(৩) তৃতীয় পক্ষের ব্যক্তিগত গ্যারান্টি থাকবে।

**১৪. ঋণের মেয়াদ :**

প্রকল্প /প্রতিষ্ঠানের প্রকৃতি, আকার ও সম্ভাব্য মুনাফা এবং ঋণ পরিশোধ ক্ষমতা বিবেচনা করে ঋণের মেয়াদ সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত নির্ধারণ করা যাবে।

**১৫. মেয়াদোত্তীর্ণ ঋণ :**

নির্দিষ্ট মেয়াদের মধ্যে ঋণের টাকা আদায় না হলে উক্ত হিসাবের স্থিতি মেয়াদোত্তীর্ণ ঋণ খাতে স্থানান্তর করতে হবে এবং উক্ত ঋণ মেয়াদোত্তীর্ণ হিসেবে গণ্য হবে।

**১৬. ঋণ বিতরণকাল ও পরিশোধসূচী :**

বিদ্যমান নীতিমালা অনুযায়ী প্রকল্প/প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য ও বাজারজাতকরণ ইত্যাদি বিবেচনা করে ঋণ বিতরণ ও ঋণ পরিশোধের মেয়াদ/পরিশোধসূচী (মাসিক, ত্রৈমাসিক, এককালীন) নির্ধারণ করা যাবে।

**১৭. ঋণগ্রহীতার আমানত হিসাব** : ঋণ ও অগ্রিম বিভাগের ০৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পরিপত্র নম্বর-০৪/২০১৮ অনুসরণ করতে হবে।

**১৮. চার্জ ডকুমেন্টস্-এ ব্যবহৃত স্ট্যাম্প এর মূল্যমান :** বলবৎ স্ট্যাম্প এ্যাক্ট অনুযায়ী চার্জ ডকুমেন্টে নিম্নরূপ মূল্যমানের স্ট্যাম্প ব্যবহৃত হবে যা স্ট্যাম্প এ্যাক্টের পরিবর্তনের সাথে সাথে পরিবর্তনযোগ্য :

| | | |
|---|---|---|
| ক) | ডবল পার্টি ডিপি নোট | : ৫০/- টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্পযুক্ত; |
| খ) | লেটার অব হাইপোথিকেশন | : ৩০০/- টাকা মূল্যের Adhessive Stamp যুক্ত; |
| গ) | তৃতীয় পক্ষের গ্যারান্টি | : ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পযুক্ত। |

**১৯.** নিজস্ব ঋণ কর্মসূচীর আওতায় ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ বিতরণের পর তা নিয়মিত মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-
**(মোঃ আবুল হোসেন)**
ব্যবস্থাপনা পরিচালক
(: ০২-৯৫৬৩৩১১

সূত্র নম্বর : কেবি/প্রকা/ঋঅবি/নীতি-০১(০১)(অংশ-০৪)/২০১৮-২০১৯/১৩৭৬ তারিখ : ২৫ এপ্রিল ২০১৯

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট হতে সংগ্রহের অনুরোধসহ) :**

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;

০৩। সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইটি বিভাগের উপমহাব্যবস্থাপক মহোদয়কে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশিত করার জন্য অনুরোধ করা হলো ;

০৪। সকল উপমহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;

০৫। সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;

০৬। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;

০৭। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;

০৮। সকল শাখা ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক ;

০৯। অফিস নথি